৩

দৈনিক ইত্তেফাক

তারিখ ...2 6 APR 1994... ...
পৃষ্ঠা 2 কলাম 2

# ২রা মে এসএসসি পরীক্ষা অবশ্যই শুরু হইবে

শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ।। শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার গতকাল সোমবার বলিয়াছেন, ২রা মে নির্দিষ্ট তারিখ হইতে ১৯৯৪ সালের এস, এস, সি পরীক্ষা অবশ্যই শুরু হইবে। শিক্ষক-কর্মচারীদের ধর্মঘট পরিস্থিতি ও পরীক্ষা গ্রহণ সংক্রান্ত

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ২রা মে

( ১ম পৃঃ পর )

বিভিন্ন বিষয় সম্পর্কে আলোচনার লক্ষ্যে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এক সভায় শিক্ষামন্ত্রী এই কথা বলেন। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী তরিকুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান, বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী অধ্যাপক আবদুল মান্নান, শিক্ষা সচিব ইরশাদুল হক, শিক্ষক সমিতি (নজরুল-আশরাফ), অধ্যক্ষ সমিতি জমিয়াতুল মোদারেসিনের নেতৃবৃন্দ এই সভায় উপস্থিত ছিলেন। সভায় কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির কেহই উপস্থিত ছিলেন না। সভায় আসন্ন এস,এস,সি পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে আলোচনা করা হয়। সভা শেষে সাংবাদিকদের উদ্দেশে শিক্ষামন্ত্রী বলেন, ২রা মে হইতে আমরা অবশ্যই পরীক্ষা শুরু করিব। তিনি এইসময়ে আশা প্রকাশ করেন যে, দুই-এক দিনের মধ্যে শিক্ষক ধর্মঘটের সমাধান হইতে পারে। আজ (মঙ্গলবার) পুনরায় শিক্ষা মন্ত্রণালয়ে সভা আহ্বান করা হইয়াছে।